

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



পেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৩১, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

#### প্রজ্ঞাপন

তারিখ : ১৫ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ/২৯ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং-৭০-আইন/২০২২।—সরকার, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৬ (২০১৬ সনের ৩৬ নং আইন) এর ধারা ৩০, ধারা ২৯ এর উপ-ধারা (২) এর স�িত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ তহবিল পরিচালনা বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (১) “আইন” অর্থ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৬ (২০১৬ সনের ৩৬ নং আইন);
- (২) “কর্তৃপক্ষ” অর্থ আইনের ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ;
- (৩) “নির্বাহী চেয়ারম্যান” অর্থ আইনের ধারা ৯ এর উপ-ধারা (১) এর অধীন গঠিত নির্বাহী পরিষদের চেয়ারম্যান;
- (৪) “তহবিল” অর্থ আইনের ধারা ২৯ এর উপ-ধারা (১) এ উল্লিখিত তহবিল; এবং
- (৫) “সচিব” অর্থ কর্তৃপক্ষের সচিব।

(৬৯৬৭)  
মূল্য : টাকা ৮.০০

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। তহবিলের হিসাব।—(১) আইনের ধারা ২৯ এর উপ-ধারা (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, তহবিলের অর্থ ‘বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ’ শিরোনামের হিসাবে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত এক বা একাধিক তফসিলি ব্যাংকের এক বা একাধিক হিসাবে জমা রাখা হইবে।

(২) তহবিলের অংশবিশেষ স্থায়ী আমানত হিসাবে বা অন্য যেকোনো লাভজনক খাতে, নির্বাহী পরিষদের অনুমোদনক্রমে, কোনো তফসিলি ব্যাংকে রাখা যাইবে এবং উক্তরূপে জমাকৃত অর্থ মেয়াদান্তে বা, প্রয়োজনে, মেয়াদ পূর্তির পূর্বেই উত্তোলন করা যাইবে।

৪। তহবিল পরিচালনা।—(১) কর্তৃপক্ষ, নির্বাহী পরিষদের অনুমোদনক্রমে, উহার ২ (দুই) জন কর্মকর্তার যৌথ স্বাক্ষরে তহবিলের ব্যাংক হিসাব খোলা, উক্ত হিসাব হইতে অর্থ উত্তোলন এবং তহবিলের হিসাব পরিচালনার জন্য ক্ষমতা অর্পণ করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ তহবিলের হিসাব পরিচালনার জন্য যৌথভাবে নির্বাহী পরিষদের নিকট দায়ী থাকিবেন।

৫। তহবিলের ব্যয়ের খাত।—কর্তৃপক্ষের কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত যেকোনো উদ্দেশ্যে তহবিলের অর্থ ব্যয় করা যাইবে, যথা:—

- (ক) আইনের উদ্দেশ্য পূরণকল্পে কর্তৃপক্ষের আওতাধীন যাবতীয় কার্য সম্পাদনের পরিচালন ব্যয়;
- (খ) বিনিয়োগ আকর্ষণে গৃহীত উন্নয়ন প্রকল্প বা উন্নয়ন ব্যয়;
- (গ) বিনিয়োগ আকর্ষণ, উন্নয়ন ও বৃদ্ধি সংক্রান্ত ব্যয়, যেমন-জরিপ, গবেষণা, সমীক্ষা, মুদ্রণ ও প্রচার, অনুষ্ঠান ও উৎসবসহ পরিচালন ব্যয়;
- (ঘ) কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ, বেতন, ভাতা, ভবিষ্য তহবিল, লাম্পগ্যান্ট, আনুতোষিক, পেনশন ইত্যাদি সংক্রান্ত যাবতীয় ব্যয়;
- (ঙ) কর্মকর্তা-কর্মচারীদের শিক্ষাসফর, প্রশিক্ষণ, কল্যাণ ও প্রগোদ্ধনায় ব্যয়;
- (চ) কর্মকর্তা-কর্মচারীদের মেধাবী সত্ত্বানদের বিভিন্ন বৃত্তি প্রদান;
- (ছ) কর্তৃপক্ষের স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রয়, ভাড়া, নির্মাণ, মেরামত, রক্ষণাবেক্ষণ এবং পরিচালন ব্যয়;
- (জ) অফিস সরঞ্জামাদি, সেবা ও মালামাল ক্রয়, মেরামত ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত যাবতীয় ব্যয়; এবং
- (ঝ) নির্বাহী পরিষদ কর্তৃক, সময় সময়, প্রয়োজনীয় বলিয়া বিবেচিত অন্যান্য ব্যয়।

৬। তহবিল হইতে অর্থ মঞ্জুরি।—(১) নির্বাহী চেয়ারম্যান বিধি ৫ এ উল্লিখিত খাতে ব্যয়ের জন্য তহবিল হইতে অর্থ মঞ্জুরির আদেশ জারি করিতে পরিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন মঞ্জুরিকৃত অর্থ একাউন্ট পেয়ি চেক (Account Payee Cheque) বা ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদান করিতে হইবে।

৭। আয় ও ব্যয়ের খাতওয়ারি বিন্যাস।—(১) কর্তৃপক্ষের সকল আয় ও ব্যয় পৃথকভাবে খাতওয়ারি বিন্যাস করিতে হইবে।

(২) সকল ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থের পরিমাণ পৃথকভাবে প্রতিটি হিসাবের খাতে প্রদর্শন করিতে হইবে।

৮। তহবিলের অর্থ ব্যয়ের হিসাব সংরক্ষণ পদ্ধতি।—(১) সচিব কর্তৃপক্ষের সকল ব্যয়ের হিসাব এবং রেকর্ডসমূহ সংরক্ষণ করিবেন।

(২) তহবিলের অর্থের জমা ও খরচের হিসাব প্রচলিত ফরমে সংরক্ষণ করিতে হইবে।

(৩) সচিব প্রতি অর্থ-বৎসর শেষে ক্যাশবুক ও ব্যাংক হিসাবের মধ্যে তহবিলের অর্থের হিসাবের সমন্বয় সাধন করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ ফিজনূর রহমান  
পরিচালক-১।